

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহ্ থা সাল্লামের অনুসরণে আট রাকা আত চাশতের সালাত আদায় করা মুস্তাহাব فِكُرُ اسْتِحْبَابِ الْاقْتِدَاءِ بِالْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الضُّحَى بِثَمَانِ رَكَعَاتٍ ذِكْرُ اسْتِحْبَابِ الْاقْتِدَاءِ بِالْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الضُّحَى بِثَمَانِ رَكَعَاتٍ

আরবী

2528 ـ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانِ الْقَطَّانُ بِوَاسِطٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا يَزِيدُ بْنُ عَمْرٍ و عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ حُنَيْنِ عَنْ أَبِي مُرَّة ـ مولى أم هانىء ـ قَالَ مُحَمَّدُ بْنُ عَمْرٍ و: وَقَدْ رَأَيْتُ أَبَا مُرَّةَ وَكَانَ شَيْخًا كَبِيرًا قَدْ أَدْرَكَ أُمَّ هانىء هانىء ح تأم هانىء قَالَتْ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ الْفَتْحِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ الْفَتْحِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ صِلَّى اللَّهُ إِنِي أَجَرْتُ حَمَوي قَزَعَمَ ابْنُ أُمِي _ تَعْنِي عَلِيًّا _ أَنَّهُ قَاتِلُهُ قَالَتْ: وَاللَّهُ رَسُولُ اللَّهِ صِلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَدْ أَجَرْنَا مَنْ أَجَرْتِ يَا أُمَّ هانىء) قَالَتْ: وصبَ رَسُولُ اللَّهِ صِلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَدْ أَجَرْنَا مَنْ أَجَرْتِ يَا أُمَّ هانىء) قَالَتْ: وصبَ رَسُولُ اللَّهِ صِلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاءً فَاغْتَسَلَ ثُمَّ الْتَحَفَ بِثَوْبٍ عَلَيْهِ وَخَالَفَ بَيْنَ طَرَفَيْهِ وَسَلَّمَ مَاءً فَاغْتَسَلَ ثُمَّ الْتَحَفَ بِثَوْبٍ عَلَيْهِ وَخَالَفَ بَيْنَ طَرَفَيْهِ فَصَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاءً فَاغْتَسَلَ ثُمَّ الْتَحَفَ بِثَوْبٍ عَلَيْهِ وَخَالُفَ بَيْنَ طَرَفَيْهِ فَصَلَلَى الضَّحَى ثَمَانَ رَكَعَات.

الراوي: أَبُو مُرَّةَ مَوْلَى أُمِّ هَانِئٍ بِنْتِ أَبِي طَالِبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2528 | خلاصة حكم المحدث:.حسن صحيح ـ ((الإرواء)) (464).

বাংলা

২৫২৮. উম্মু হানী রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি মক্কা বিজয়ের বছরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখে বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আমার শৃশুর ও এক আত্নীয়কে আশ্রয় দিয়েছি কিন্তু আমার ভাই আলী বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন যে, সে তাকে হত্যা করবে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে উম্মু হানী, আপনি যাকে আশ্রয় দিয়েছেন, আমরাও তাকে আশ্রয় দিলাম।"

তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজের উপর পানি ঢেলে দিয়ে গোসল করলেন, তারপর



একটি কাপড়ের দুই প্রান্ত আড়াআড়িভাবে তাঁর শরীরে জড়িয়ে নেন। তারপর আট রাকা'আত সালাত আদায় করেন।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৫২; মুসনাদ আহমাদ: ৬/৩৪৩; সহীহ বুখারী: ২৮০; সহীহ মুসলিম: ৩৩৬; তিরমিযী: ২৭৩৫; নাসাঈ: ১/১২৬; দারেমী: ১/৩৩৯; সুনান বাইহাকী: ১/১৯৮; তাবারানী: ২৪/৪১৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৪৮৬১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪০৯; আবূ দাউদ: ১২৯১; সহীহ ইবনু খুয়াইমাহ: ১২৩৩; ইবনু মাজাহ: ১৩২৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪৬৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন